তারিখ JUN. 2 1999
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইত্তেফাক

## বুয়েট স্নাতক কোর্সের ভর্তি পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের জ্ঞাতব্য

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে প্রকৌশল অনুষদসমূহের বিভিন্ন বিভাগ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের স্নাতক কোর্সসমূহে নির্বাচিত ও অপেক্ষমাণ তালিকাভুক্ত প্রার্থীদেরকে মেধানুসারে নির্ধারিত তারিখ মোতাবেক আগামী ১৭ জুন হইতে ১৯ জুলাই-এর মধ্যে এবং স্থাপত্য বিভাগের নির্বাচিত প্রার্থীদেরকে আগামী ১৫ ও ১৬ জুন তাহাদের মূল মার্কশীট ও সনদপত্র বিভাগ নির্বাচনের অপশন এবং স্বাস্থ্য পরীক্ষার জন্য বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল অনুষদের ডীনের কার্যালয়ে উপস্থিত থাকার জন্য বলা হইয়াছে। উল্লেখ্য, কোন প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে মূল মার্কশীট ও সনদপত্র বিভাগ নির্বাচনের অপশন প্রদান এবং স্বাস্থ্য পরীক্ষায় ব্যর্থ হইলে ঐ প্রার্থীর ভর্তির যোগ্যতা বাতিল বলিয়া গণ্য করা হইবে। নির্বাচিত প্রার্থীদের মূল মার্কশীট ও সনদপত্রসমূহ জমা রাখা হইবে।

স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থিগণ আগামী ২০ জুন হইতে নির্ধারিত ফি জমা দিয়া ভর্তি হইতে পারিবে। তবে সকল প্রার্থীকে ১ আগষ্ট তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হইতে হইবে। অন্যথায় অপেক্ষমাণ প্রার্থিগণকে ভর্তির সুযোগ দেওয়া হইবে।